School counselling service

Information for parents and carers

# স্কুল কাউন্সেলিং সার্ভিস

## পিতামাতা এবং পরিচর্যাকারীদের জন্য তথ্য

স্কুল কাউন্সেলিং সার্ভিসের মাধ্যমে সকল NSW সরকারী স্কুলগুলো মনস্তাত্ত্বিক সহায়তা পেয়ে থাকে।

স্কুল কাউন্সেলিং সার্ভিসের অন্তর্ভুক্ত আছেন স্কুল কাউন্সেলর এবং স্কুল মনোবিজ্ঞানীরা যারা প্রাক-স্কুল থেকে ইয়ার ১২ পর্যন্ত শিক্ষার্থীদের জন্য কাউন্সেলিং, মনস্তাত্ত্বিক মূল্যায়ন এবং হস্তক্ষেপমূলক পরিষেবা প্রদান করেন। তারা শিক্ষার্থীদের শেখা, তাদের মানসিক স্বাস্থ্য এবং সুস্থতার প্রয়োজনকে সমর্থন যোগাতে এবং নিরাপদ, স্বাস্থ্যকর এবং সহায়ক শিক্ষার পরিবেশ তৈরি করতে শিক্ষার্থীদের পরিবার, স্কুল কর্মী এবং অন্যান্য পেশাদারদের পাশাপাশি কাজ করে।

সকল স্কুল কাউন্সেলিং কর্মীদের মনোবিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রি রয়েছে এবং শিশু ও তরুণদের শিক্ষাগত, সামাজিক, আচরণগত এবং মানসিক বিকাশে সহায়তা করার জন্য মানসিক স্বাস্থ্য, শেখা এবং আচরণে তাদের দক্ষতা ব্যবহার করেন।

স্কুল কাউন্সেলর বা স্কুল মানসিক স্বাস্থ্য বিশেষজ্ঞ যা করতে পারেন তা হল:

- শিক্ষার্থীদের জন্য কাউন্সেলিং প্রদান
- শিক্ষার্থীদের শেখা এবং তাদের মানসিক স্বাস্থ্য বিষয়ক চাহিদা মূল্যায়ন করা
- শিক্ষক এবং বিশেষজ্ঞ কর্মীদের সাথে সহযোগিতামূলকভাবে কাজ করা
- পরিবারগুলোকে তাদের বাচ্চাদের শেখার এবং মানসিক স্বাস্থ্যের চাহিদাগুলো বুঝতে এবং পরিচালনা করতে সহায়তা করা
- নির্দিষ্ট শিক্ষার্থীদের জন্য সমন্বিত, সর্বাত্মক সহায়তা প্রদানের জন্য অন্যান্য বহির্গত সংস্থা এবং মানসিক স্বাস্থ্য বিশেষজ্ঞদের সাথে যোগাযোগ করা।

শিক্ষার্থী, পিতামাতা বা পরিচর্যাকারী এবং শিক্ষকদের সাথে কাজ করার সময় স্কুল কাউন্সেলিং কর্মীরা ব্যাখ্যা করবে যে তারা কিভাবে কাজ করে, যা বলা হয় তা সতর্কতার সাথে শুনবে, বিভিন্ন উপায়গুলো স্পষ্টকরণে সহায়তা করবে এবং জেনে-শুনে সিদ্ধান্ত গ্রহণে উৎসাহিত করবে।

## গোপনীয়তা

স্কুল কাউন্সেলিং কর্মীরা শিক্ষার্থীদের জন্য স্বেচ্ছাসেবকমূলক এবং গোপনীয় মনস্তাত্ত্বিক সহায়তা প্রদান করে। আইনের কারনে অথবা সুরক্ষা বা সুস্থতার জন্য গুরুতর ঝুঁকি প্রতিরোধে প্রয়োজন না হলে শিক্ষার্থী, পিতামাতা বা পরিচর্যাকারীর অনুমতি ছাড়া গোপনীয় তথ্য অন্যেকে জানানো হবে না।

## রেফারেল

স্কুল শিক্ষা এবং সুস্থতা বিষয়ক টিমগুলোর সাথে কথা বলার মধ্য দিয়ে নির্ধারণ করা হয় কে স্কুল কাউন্সেলিং সহায়তার জন্য অগ্রাধিকার পাবে। পিতামাতা বা পরিচর্যাকারীগণ যারা তাদের সন্তানের শিক্ষা, মানসিক স্বাস্থ্য, বা সুস্থতার বিষয়ে উদ্বিগ্ন তারা স্কুলের সাথে যোগাযোগ করে অ্যাপয়েন্টমেন্টের জন্য অনুরোধ করতে পারেন। শিক্ষার্থীরা নিজেরাই অ্যাপয়েন্টমেন্ট করতে পারে অথবা পিতামাতা বা শিক্ষকদের কাছ থেকে সহায়তা চাইতে পারে।

## টেলিফোন দোভাষী সেবাব্যবস্থা

আপনি যদি আরও তথ্য চান তবে অনুগ্রহ করে স্কুলে কল করুন। আপনার অনুসন্ধানে সহায়তা করার জন্য যদি আপনার কোনও দোভাষীর প্রয়োজন হয় তবে অনুগ্রহ করে টেলিফোন দোভাষী পরিষেবায় 131 450 নম্বরে কল করুন এবং আপনার ভাষায় একজন দোভাষীর জন্য জিজ্ঞাসা করুন।

আপনি যে ফোন নম্বরটিতে কল করতে চান তা অপারেটরকে বলুন এবং অপারেটর আপনাকে কথোপকথনে সহায়তা করার জন্য লাইনে একজন দোভাষীর ব্যবস্থা করবেন। এই পরিষেবার জন্য আপনাকে কোনও অর্থ দিতে হবে না।